

তারকের ভার্য্যা নাম চিত্তামণি সতী।
 বিধবা পিস্তাত ভ্রাতৃবধূ সরস্বতী।।
 সাধনা নামিনী নব মণ্ডলের কন্যা।
 হরিচাঁদ ভক্তিপাত্রী সেবিকা সুধন্যা।।
 ধর্মনারায়ণের স্ত্রী ঈশানের মাতা।
 সীতানাথ-মাতা প্রাণকৃষ্ণের বণিতা।।
 দিনমণি তার নাম পাটনীর মেয়ে।
 এইসব দিল পরিচারিকা করিয়ে।।
 এইসব কথা বলিয়া দিলেন জনে জনে।
 অন্য অন্য যত মেয়ে আসে সেই স্থানে।।
 'গৌসাই যখনে যাহা চাহিতে আশায়।
 মন জেনে জোগাইবা তোমরা সদায়।।
 যদি বল মন মোরা জানিব কেমনে?
 নিপুণ করিয়া মন রাখিও চরণে।।
 যদি মন নাহি জান যখন যা' চায়।
 'জ' বলিতে জল এনে দিও সে সময়।
 হুকা চাহিবারে যদি করেন আশায়।
 'হু' বলিতে হুকা এনে দিও সে সময়।।
 তৈল চাহিবারে যদি করেন মনন।
 'ত' বলিতে তৈল এনে করিও মর্দন।।
 এইরূপে যখনে যে দ্রব্য চাহিবেন।
 দিবারাত্রি কাছে থাকি সকলে দিবেন।।
 এইরূপে সবে থাক গৌসাই সেবায়।'
 রাত্রিকালে চারিজন সর্বক্ষণ রয়।।
 চিত্তামণি সরস্বতী তারক সাধনা।
 দিবারাত্রি সর্বকাল রহে চারিজন।।
 কেহ আসে কেহ যায় কেহ উঠে বসে।
 কেহ নিদ্রা বশীভূতা চক্ষের নিমেঘে।।
 বারশ-ছিয়াশী সাল উনত্রিশে বৈশাখ।
 সকলেরে বলে 'তোরা হরিবলে ডাক্।।
 প্রভু বলে মোরে যদি ভালই বাসিস্।'
 আজ তোরা মোর কাছে কেহ না আসিস্।

বৈকাল বেলায় দেড় প্রহর থাকিতে।
 সকলেকে তুষিলেন সুমিষ্ট বাক্যেতে।।
 'আমার এ ঘর ছাড়ি অন্যস্থানে যাও।
 দূরে নহে নিকটে নিকটে সবে রও।'
 তাহা শুনি চারিজন রহে স্থানান্তরে।
 তাহার নিকটে রহে গোস্বামী যে ঘরে।।
 দক্ষিণের ঘর পরিষ্কার পরিপাটী।
 পশ্চিম দক্ষিণ দিকে বেড়া আটাআটি।।
 নূতন নির্মিত ঘর দেখিতে সুন্দর।
 গৌসাই দেখিয়া বলে এ ঘর আমার।।
 তোমার যে বড় ঘর ও ঘরে না যা'ব।
 এইঘরে থেকে আমি ঠাকুর দেখিব।।
 সেই ঘরে গোস্বামীর শয্যা করে দিয়া।
 উত্তরের বেড়া দিল চাটাই ঘিরিয়া।।
 এগার তারিখে জয়পুর আসিলা।
 সেইদিন রহিলেন আশ্র বৃক্ষতলা।।
 বারই বৈশাখ দিনে সে ঘরে প্রবেশে।
 শুশ্রূষা করেন সবে মনের হরিষে।।
 বেদনা যখনে উঠে হয়েন অস্থির।
 দুঃখেতে সবার চক্ষে ঝরে অশ্রুণীর।।
 পাগল বলিল 'সবে ঘর হতে যাও।
 যদি মোরে ভালবাস মোর কথা লও।।'
 ঘরের বাহিরে গেল যত নরনারী।
 গুণ্ গুণ্ রবে সবে বলে হরি হরি।।
 কেহ বা নিকটে যায় গোস্বামী দেখিতে।
 হস্ত তুলে মানা করে নিকটে যাইতে।।
 উত্তরের বেড় বেড়া ঠেলিয়া চাটাই।
 হরিবলে ভূমিতলে পড়িল গৌসাই।।
 সীতানাথ তাহা দেখি ডাক দিয়া কয়।
 'পাগল চলিয়া প'ল এস কে কোথায়?'
 অমনি তারক গিয়া দৌড়িয়া ধরিল।
 জ্ঞানশূন্য অচৈতন্য কোলেতে করিল।।